# ইনফরমেটিকস্

বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদ সমিতির মুখপত্র

ESTD. 1986

মে ২০১৮ - ডিসেম্বর ২০১৯


## শোক সংবাদ

## বেলিড চেয়ারম্যান ড. মির্জা রেজাউল ইসলামের মৃত্যুতে আমরা গভীরভাবে শোকাহত



বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদ সমিতি (বেলিড)-এর চেয়ারম্যান এবং ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজি (আইইউটি)-এর গ্রন্থাগারিক ড. মির্জা মোহাঃ রেজাউল ইসলাম ১১ মার্চ ২০১৯ স্ট্রোকে আক্রান্ত হয়ে উত্তরা আধুনিক মেডিকেল কলেজ ও হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ১৫ মার্চ ২০১৯ বেলা ১২টায় মৃত্যুবরণ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬০ বছর। মরহুমের নামাজে জানাজা ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রিয় জামে মসজিদে বিকাল ৫টায় অনুষ্ঠানের পর মিরপুর কবরস্থানে দাফন করা হয়।

গ্রন্থাগারিতা পেশার উন্নয়নে সর্বদা নিবেদিত কর্মী ও দক্ষ সংগঠক ড. মির্জা রেজাউল ইসলামের অকাল মৃত্যুতে বেলিডের সকল সদস্যসহ দেশের গ্রন্থাগার পেশাজীবীগণ গভীরভাবে শোকাহত।

গ্রন্থাগারিকতা পেশার অন্যতম এই দিকপালের মৃত্যুতে শোক প্রকাশ করেছেন বাংলাদেশ গ্রন্থাগার সমিতি (ল্যাব), বাংলাদেশ বিদ্যালয় গ্রন্থাগার সমিতি, বাংলাদেশ সচিবালয় গ্রন্থাগার সমিতি, বাংলাদেশ বেসরকারি কলেজ গ্রন্থাগার সমিতিসহ অন্যান্য সংগঠন ও বরেণ্য গ্রন্থাগার পেশাজীবী, গ্রন্থাগার বিজ্ঞানের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ। ব্যক্তি জীবনে অমায়িক, হাস্যজ্জ্বল, পরোপকারী ও সজ্জন ড. মির্জা স্ত্রী ও দুই পুত্র সন্তানসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

## ড. মির্জা রেজাউল ইসলাম স্মরণে আলোচনা ও দোয়া মাহ্ফিল

বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদ সমিতি (বেলিড)-এর প্রয়াত চেয়ারম্যান ড. মির্জা মোহাঃ রেজাউল ইসলাম স্মরণে ২৩ মার্চ ২০১৯, শনিবার সিরডাপ ইন্টারন্যাশনাল কনফারেন্স সেন্টারে আলোচনা ও দোয়ার আয়োজন করা হয়।

বেলিডের দায়িত্বপ্রাপ্ত চেয়ারম্যান হাজেরা রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা ও দোয়া অনুষ্ঠানে ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজি (আইইউটি)-এর ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. ওমর যাহ্, সাবেক সংসদ সদস্য আখতার জাহান, ঢাকা আহ্ছানিয়া মিশনের পরিচালক (তথ্য) কাজী আলী রেজা, ঢাকা বিশ্ববিদ্যালয়ের তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক কাজী মোস্তাক গাউসুল হক, ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারের ভারপ্রাপ্ত গ্রন্থাগারিক অধ্যাপক ড. এস এম জাবেদ আহমেদ, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিন অধ্যাপক ড. নাসিরউদ্দিন মিতুল ও বাংলাদেশ গ্রন্থাগার সমিতির সভাপতি সৈয়দ আলী আকবর তাঁর বর্ণাঢ্য কর্মজীবনের ওপর আলোচনা করেন। ড. মির্জার মৃত্যুতে সিরডাপের মহাপরিচালকের একটি শোকবার্তা পাঠ করেন প্রশাসনিক কর্মকর্তা জাকিরুল হক এবং তিনি তা পরিবারের সদস্যদের হাতে তুলে দেন। বেলিড মহাসচিব মো: হুমায়ুন কবীরের উপস্থাপনায় পরিচালিত আলোচনা সভার শুরুতে ড. মির্জা রেজাউল ইসলামের কর্মজীবনের ওপর একটি সংক্ষিপ্ত ভিডিও উপস্থাপন করেন বেলিডের যুগ্ম-মহাসচিব এ কে এম নুরুল আলম অপু। অনুষ্ঠানে ড. মির্জা রেজাউল ইসলামের বড় ছেলে মির্জা মো: আসিফ সাকিব তাদের পিতৃ হারানোর শোক বহন করার শক্তি দানের জন্য মহান সৃষ্টিকর্তা আল্লাহ'র অনুগ্রহ প্রার্থনা করেন এবং সবার কাছে তার পিতার আত্মার মাগফিরাতের জন্য দোয়া চান। আলোচনা সভায় কয়েক শতাধিক গ্রন্থাগার পেশাজীবী, গ্রন্থাগার বিজ্ঞানের শিক্ষক ও শিক্ষার্থী, পরিবারের সদস্য, আত্মীয়স্বজন ও শুভাকাঙ্ক্ষী উপস্থিত ছিলেন।

(বাকী অংশ পৃষ্ঠা ৪ এ)

# বেলিডের ২২তম সাধারণ সভা এবং নির্বাচন ২০১৮




বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদ সমিতি (বেলিড)-এর ২২তম সাধারণ সভা ১ মে ২০১৮ ধানমন্ডিস্থ জ্ঞানতাপস আব্দুর রাজ্জাক বিদ্যাপীঠে অনুষ্ঠিত হয়। বেলিডের চেয়ারম্যান ড. মো: মোস্তাফিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় উল্লেখযোগ্য সংখ্যক বেলিড সদস্য উপস্থিত ছিলেন। উক্ত সাধারণ সভার প্রথম পর্বে বেলিডের বার্ষিক প্রতিবেদন ২০১৬-১৭ উপস্থাপন করেন মহাসচিব শশাংক কুমার সিংহ। সভায় ২০১৬-১৭ সালের আর্থিক প্রতিবেদন ও ২০১৮-১৯ অর্থ বছরের বাজেট উপস্থাপন করেন অর্থ সচিব এ কে এম নুরুল আলম অপু। সভাপতির আমন্ত্রণে সভায় উপস্থিত সদস্যগণ বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদ সমিতি (বেলিড) এর বার্ষিক প্রতিবেদন, বাজেট ও আর্থিক প্রতিবেদনের ওপর আলোচনায় অংশগ্রহণ করেন। আলোচনান্তে বাজেট ও আর্থিক প্রতিবেদন সর্বসম্মতিক্রমে সভায় অনুমোদিত হয়।

**প্রধান সম্পাদক**
হাজেরা রহমান
চেয়ারম্যান, বেলিড।

**সম্পাদক**
মনিরুল ইসলাম কনক
প্রকাশনা ও গণসংযোগ সচিব, বেলিড।

সম্পাদনা পরিষদ:

| | |
|---|---|
| ড. মো: মোস্তাফিজুর রহমান | আহ্বায়ক |
| মোহাম্মদ হোচ্ছাম হায়দার চৌধুরী | সদস্য |
| এ কে এম মফিজুর রহমান | সদস্য |
| রেজিনা আক্তার | সদস্য |
| শশাংক কুমার সিংহ | সদস্য |
| মো: হুমায়ুন কবীর | সদস্য |
| মো: আহসান হাবীব | সদস্য |
| রেখা ইয়াসমিন | সদস্য |
| মনিরুল ইসলাম কনক | সদস্য-সচিব |

বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদ সমিতি (বেলিড) কর্তৃক প্রকাশিত।
ঠিকানা: বাসা নং ৬৭/বি, রোড নং- ৯/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯।
ইমেইল : balid-bd@gmail.com
ওয়েব সাইট : http://www.balid.org

বেলিডের ২২তম সাধারণ সভার দ্বিতীয় পর্বে বেলিডের কার্যনির্বাহী পরিষদ ২০১৮-১৯ এর নির্বাচন অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সকল সদস্যদের সর্বসম্মতিক্রমে ১৭ সদস্য বিশিষ্ট বেলিডের কার্যনির্বাহী পরিষদ ২০১৮-১৯ ঘোষণা করা হয়।


বেলিডের কার্যনির্বাহী পরিষদ ২০১৮-১৯ এর নির্বাচিত ১৭জন সদস্যরা হলেন- ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজির লাইব্রেরিয়ান ড. মির্জা মোহাঃ রেজাউল ইসলাম, চেয়ারম্যান এবং ইনডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশের ডেপুটি লাইব্রেরিয়ান মো: হুমায়ুন কবীর, মহাসচিব।

তিনজন ভাইস চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন যথাক্রমে বিজিএমইএ ইউনিভার্সিটি অব ফ্যাশন এন্ড টেকনোলজির লাইব্রেরিয়ান হাজেরা রহমান, বাংলাদেশ শিশু একাডেমি লাইব্রেরির লাইব্রেরিয়ান রেজিনা আক্তার এবং বাংলাদেশ ব্যাংক লাইব্রেরির যুগ্ম-পরিচালক শশাংক কুমার সিংহ।

যুগ্ম-মহাসচিব নির্বাচিত হয়েছেন বাংলাদেশ ব্যাংক লাইব্রেরির উপ-পরিচালক এ কে এম নুরুল আলম অপু। এছাড়া অর্থ সচিব নির্বাচিত হয়েছেন ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজির লাইব্রেরি অফিসার মো: আহসান হাবীব, সংস্থাপন সচিব নির্বাচিত হয়েছেন বিজিএমইএ ইউনিভার্সিটি অব ফ্যাশন এন্ড টেকনোলজির ডেপুটি লাইব্রেরিয়ান কাজী ফরহাদ নোমান, গবেষণা ও উন্নয়ন সচিব হয়েছেন বাংলাদেশ এগ্রিকালচার রিসার্চ কাউন্সিলের সিনিয়র ডকুমেন্টশন অফিসার ড. সুস্মিতা দাস এবং প্রকাশনা ও গণসংযোগ সচিব নির্বাচিত হয়েছেন প্রধানমন্ত্রীর কার্যালয়ের লাইব্রেরিয়ান মনিরুল ইসলাম কনক।

সাতজন নির্বাহী সদস্য হলেন রয়্যাল ইউনিভার্সিটি অব ঢাকার গ্রন্থাগার ব্যবস্থাপনা ও তথ্যবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান ড. মো: মোস্তাফিজুর রহমান, ইনডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি, বাংলদেশের লাইব্রেরিয়ান মোহাম্মদ হোচ্ছাম হায়দার চৌধুরী, পানি সম্পদ মন্ত্রণালয়ের সহকারি লাইব্রেরিয়ান রেখা ইয়াসমিন, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ডেপুটি লাইব্রেরিয়ান মো: ফজলুল করিম, স্ট্যামফোর্ড বিশ্ববিদ্যালয়ের ডেপুটি লাইব্রেরিয়ান মো. আবদুল করিম, মো: আতিকুর রহমান এবং এবিএম মাহফুজুল হক।

# জাতীয় গ্রন্থাগার দিবস উপলক্ষে বেলিডের আলোচনা সভা




বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদ সমিতি (বেলিড) গত ২রা জুন ২০১৮ বেগম সুফিয়া কামাল গণগ্রন্থাগারের ভিআইপি মিলনায়তনে জাতীয় গ্রন্থাগার দিবস ২০১৮ উপলক্ষে আলোচনার আয়োজন করে। বেলিড চেয়ারম্যান ড. মির্জা মোহাঃ রেজাউল ইসলামের সভাপতিত্বে এবং ভাইস চেয়ারম্যান রেজিনা আক্তারের সঞ্চালনায় অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জাতীয় সংসদের মাননীয় চীফ হুইপ আ স ম ফিরোজ এমপি এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দশম জাতীয় সংসদের সন্মানীত সংসদ সদস্য ও অর্থ মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় স্থায়ী-কমিটির সদস্য বিশিষ্ট গ্রন্থাগার পেশাজীবী বেগম আখতার জাহান এমপি। এছাড়া মঞ্চে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক ও ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারের ভারপ্রাপ্ত লাইব্রেরিয়ান অধ্যাপক এস এম জাবেদ আহমেদ। বেলিড মহাসচিব মো: হুমায়ুন কবীরের স্বাগত বক্তব্যের মাধ্যমে আলোচনা সভা শুরু হয়। চীফ হুইপ আ স ম ফিরোজ এমপি তাঁর বক্তব্যে শিক্ষা প্রসারে এবং শিক্ষার্থীদের প্রতিভা বিকাশে গ্রন্থাগারের গুরুত্বপূর্ণ ভূমিকার কথা উল্লেখ করে বলেন "শিক্ষা প্রতিষ্ঠানে গ্রন্থাগার ও গ্রন্থাগার পেশাজীবীদের অবহেলিত রেখে শিক্ষার গুণগতমান নিশ্চিত করা সম্ভব নয়"। তিনি গ্রন্থাগার পেশায় বিদ্যমান সমস্যা সমাধানে বিভিন্ন মন্ত্রণালয়ে কথা বলে তা নিরসনের আশ্বাস প্রদান করেন। *(বাকী অংশ পৃষ্ঠা ৬ এ)*

# জাতীয় গ্রন্থাগার দিবস ২০১৯-এ বেলিডের অংশগ্রহণ




বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদ সমিতি (বেলিড) ৫ ফেব্রুয়ারি জাতীয় গ্রন্থাগার দিবস ২০১৯ উপলক্ষে আয়োজিত গণগ্রন্থাগার অধিদপ্তর প্রাঙ্গণ হতে শুরু হওয়া বর্ণাঢ্য র‍্যালী, আলোচনা সভা এবং সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ করে।

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী কে এম খালিদ এমপি ৫ ফেব্রুয়ারি সকালে অনুষ্ঠানের উদ্বোধন ঘোষণা করেন। অনুষ্ঠানে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত সচিব ড. আবু হেনা মোস্তফা কামাল এনডিসি, গণগ্রন্থাগার অধিদপ্তরের মহাপরিচালক আশীষ কুমার সরকার,বাংলাদেশ গ্রন্থাগার সমিতির সভাপতি সৈয়দ আলী আকবর, বেলিড চেয়ারম্যান ড. মির্জা মোহাঃ রেজাউল ইসলাম-সহ প্রমুখ উপস্থিত ছিলেন। জাতীয় গ্রন্থাগার দিবসের এ অনুষ্ঠানে বিভিন্ন বিশ্ববিদ্যালয়, মহাবিদ্যালয় ও প্রাতিষ্ঠানিক গ্রন্থাগারের বিপুল সংখ্যক পেশাজীবী ও শিক্ষার্থী অংশ নেয়। জাতীয় গ্রন্থাগার দিবসের আলোচনা সভায় রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. বিশ্বজিৎ ঘোষ জাতীয় গ্রন্থাগার দিবসের গুরুত্ব তুলে ধরে মূল প্রবন্ধ উপস্থাপন করেন। সন্ধ্যায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে দিনের কর্মসূচীর সমাপ্তি ঘটে। বেলিড চেয়ারম্যান ড. মির্জা মোহাঃ রেজাউল ইসলাম গ্রন্থাগার দিবসের সকল অনুষ্ঠান সফল করার জন্য বেলিডের সদস্য এবং গ্রন্থাগার পেশাজীবীদের ধন্যবাদ জানান।

## ড. মির্জা রেজাউল ইসলাম স্মরণে আলোচনা ও দোয়া ...১ম পৃষ্ঠার বাকী অংশ




ড. মির্জা রেজাউল ইসলামের স্মরণে খোলা শোক বইতে উপস্থিত ব্যক্তিগণ তাঁর কর্মজীবনের নানাদিক নিয়ে স্মৃতিচারণ ও ভূয়সী প্রশংসা করেন। অনুষ্ঠান শেষে মরহুমের আত্মার মাগফিরাত কামনা ও তাঁর পরিবারের সদস্যদের শোক বহনের শক্তি দানের জন্য দোয়া করা হয়।

## ইন্সটিটিউশনাল রিপোজিটরি সফটওয়্যার-ডিস্পেসের প্রশিক্ষণ

বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদ সমিতি (বেলিড)-এর সহযোগিতায় সিরডাপ লাইব্রেরি গত ২৬-২৭ জুলাই ২০১৯ দুইদিন ব্যাপী সিআইসিসি ল্যাব, সিরডাপ, ঢাকায় ইন্সটিটিউশনাল রিপোজিটরি সফটওয়্যার-ডিস্পেসের প্রায়োগিক বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করে। এ প্রশিক্ষণে দেশের ১২জন গ্রন্থাগারকর্মী ও শিক্ষার্থী অংশগ্রহণ করে। বিজিএমইএ ফ্যাশন ও টেকনোলজি ইউনিভার্সিটির উপ-গ্রন্থাগারিক কাজী ফরহাদ নোমান এবং বাংলাদেশ ব্যাংক লাইব্রেরির উপ-পরিচালক এ কে এম নূরুল আলম অপু প্রশিক্ষক হিসেবে দ্বায়িত্ব পালন করেন। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে বেলিড চেয়ারম্যান হাজেরা রহমান উপস্থিত থেকে প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের মাঝে সনদ বিতরণ করেন।




## বেলিডের বার্ষিক বনভোজন ২০১৯



বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদ সমিতি (বেলিড)-এর উদ্যোগে ১ মার্চ ২০১৯, শুক্রবার 'বার্ষিক বনভোজন ২০১৯' মাওয়া রিসোর্ট, মুন্সিগঞ্জ অনুষ্ঠিত হয়। উক্ত বনভোজনে বেলিড সদস্য, তাঁদের পরিবার ও অতিথিবৃন্দ অংশগ্রহণ করেন। এ বনভোজন আয়োজনের আহবায়কের দায়িত্ব পালন করেন এ কে এম মফিজুর রহমান এবং সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করেন মো: আব্দুল করিম। মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও র‌্যাফেল ড্রয়ের মাধ্যমে বনভোজনের সমাপ্তি হয়।

## লাইব্রেরি বনাম ইন্টারনেট শীর্ষক সেমিনার অনুষ্ঠিত



বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদ সমিতি (বেলিড) এবং এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের সমন্বিত পল্লী উন্নয়ন কেন্দ্র (সিরডাপ)-এর যৌথ উদ্যোগে গত ২৩ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে সিরডাপ ইন্টারন্যাশনাল কনফারেন্স সেন্টারে লাইব্রেরি বনাম ইন্টারনেট শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়।

সেমিনারে প্রধান অতিথি হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমানের উপস্থিত থাকার কথা ছিলেন। রাষ্ট্রিয় গুরুত্বপূর্ণ কাজে ব্যস্ত থাকায় তিনি অনুষ্ঠানে উপস্থিত থাকতে পারেননি। তবে তাঁর ধারনকৃত ভিডিও বক্তব্য অনুষ্ঠানে প্রচার করা হয়। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজি (আইইউটি)-এর ভারপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক ড. ওমর যাহ্, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব আব্দুল্লাহ আল হাসান চৌধুরী ও বেলিডের চেয়ারম্যান ড. মির্জা মোহাঃ রেজাউল ইসলাম। সেমিনারে সভাপতিত্ব করেন সিরডাপের মহাপরিচালক তেবিতা জি বসেওকা তাগিনাভুলাউ।

বেলিডের মহাসচিব মো: হুমায়ুন কবীরের সঞ্চালনায় সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ড. মো: নাজিমউদ্দিন, সিনিয়র ম্যানেজার, লাইব্রেরি এন্ড ইনফরমেশন সার্ভিসেস ইউনিট, আইসিডিডিআর, বি। ড. নাজিম তাঁর প্রবন্ধে লাইব্রেরি এবং ইন্টারনেটের কর্মপরিধি বিস্তারিত আলোচনা করেন। তিনি বলেন লাইব্রেরি ও ইন্টারনেট পরস্পর সম্পর্কযুক্ত, কেউ কারও প্রতিপক্ষ নয়। একটি অন্যটির পরিপূরক। এদের কাজের ধরনও সম্পূর্ণ আলাদা। সেমিনারের প্রবন্ধের আলোচক ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. কাজী মোস্তাক গাউসুল হক, ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশের লাইব্রেরিয়ান মোহাম্মদ হোচ্ছাম হায়দার চৌধুরী ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের লাইব্রেরিয়ান কনক মনিরুল ইসলাম। আলোচকগণ ইন্টারনেট যুগে কেন লাইব্রেরি অপরিহার্য সে বিষয়ে আলোকপাত করেন এবং উল্লেখ করেন যে, ইন্টারনেটে প্রাপ্ত তথ্যগুলোর প্রকৃত উৎস, সঠিকতা যাচাই ও বিশদভাবে জানার জন্যে লাইব্রেরির প্রয়োজনীয়তা রয়েছে। অনুষ্ঠানে সংক্ষিপ্তভাবে সিরডাপের কার্যক্রম উপস্থাপন করেন সিরডাপের লাইব্রেরিয়ান ড. উষারাণী বড়ুয়া। সেমিনারে দেশের গ্রন্থাগার পেশাজীবী, তথ্যবিজ্ঞানী, গবেষক, শিক্ষক, শিক্ষার্থী ও সরকারি বেসরকারি কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।

## সিরডাপ ও বেলিডের সমঝোতা চুক্তি স্বাক্ষরিত

গ্রন্থাগার উন্নয়ন, তথ্য ব্যবস্থাপনা এবং জ্ঞান বিতরণ কার্যক্রমকে শক্তিশালী করার লক্ষে এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের সমন্বিত পল্লী উন্নয়ন কেন্দ্র (সিরডাপ) ও বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদ সমিতি (বেলিড)-এর মধ্যে গত ২৫ নভেম্বর ২০১৮ সিরডাপের সদর দফতর ঢাকায় একটি সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়। সিরডাপের মহাপরিচালক তেবিতা জি বসেওকা তাগিনাভুলাউ ও বেলিডের চেয়ারম্যান ড. মির্জা মোহাঃ রেজাউল ইসলাম তাদের নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে এ সমঝোতা চুক্তিতে স্বাক্ষর করেন।



চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে সিরডাপের মহাপরিচালক তেবিতা জি বসেওকা তাগিনাভুলাউ ও বেলিডের চেয়ারম্যান ড. মির্জা মোহাঃ রেজাউল ইসলাম সহ বেলিডের কর্মকর্তাবৃন্দ

এ চুক্তির আওতায় প্রতিষ্ঠান দুটি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) ব্যবহারের মাধ্যমে বাংলাদেশ ও সিরডাপের সদস্য দেশগুলোর গ্রামীন জনগোষ্ঠীর কল্যাণ বৃদ্ধির প্রচেষ্টা হিসেবে গ্রন্থাগার উন্নয়ন, তথ্য ব্যবস্থাপনা ও জ্ঞান বিতরণ সম্পর্কিত সমন্বিত কার্যক্রম পরিচালনা করবে।

## বেলিডের নতুন চেয়ারম্যান হাজেরা রহমান

বেলিড চেয়ারম্যান ড. মির্জা মোহাঃ রেজাউল ইসলামের আকস্মিক মৃত্যুতে বিজিএমইএ ইউনিভার্সিটি অব ফ্যাশন এন্ড টেকনোলজির লাইব্রেরিয়ান এবং বেলিডের ভাইস চেয়ারম্যান হাজেরা রহমান গত ১৬ মার্চ ২০১৯ থেকে বেলিডের চেয়ারম্যানের দায়িত্ব গ্রহণ করেছেন।

## ২০১৮-১৯ কার্যকালে বেলিডের নতুন জীবন সদস্য

[এল এম – ৫৮৮] অমল কুমার ঘোষ, সিনিয়র লাইব্রেরিয়ান, রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা।

[এল এম – ৫৮৯] এস এম আসিফ, লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার, নওগাঁ।

[এল এম – ৫৯০] ঋষিকেশ পাল, লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার, কক্সবাজার।

[এল এম – ৫৯১] সংগীতা বসাক, এসিস্ট্যান্ট লাইব্রেরিয়ান, ব্রাক ইউনিভার্সিটি, ঢাকা।

[এল এম – ৫৯২] উম্মে হাবিবা, সহকারি অধ্যাপক, ইন্সটিটিউট অব ইনফরমেশন সায়েন্স, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নোয়াখালী।

[এল এম – ৫৯৩] নূর আহমেদ, সিনিয়র এসিস্ট্যান্ট লাইব্রেরিয়ান, ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, ঢাকা।

[এল এম – ৫৯৪] মো: হাবিবুর রহমান, লাইব্রেরিয়ান, চিটাগং ভ্যাটেনারি এন্ড এনিমেল সায়েন্সেস ইউনিভার্সিটি, চট্টগ্রাম।

[এল এম – ৫৯৫] ফারহানা সুলতানা আইভি, এসিস্ট্যান্ট ডিরেক্টর, বাংলাদেশ ব্যাংক লাইব্রেরি, ঢাকা।

[এল এম – ৫৯৬] দিলরুবা রহমান, এসিস্ট্যান্ট লাইব্রেরি অফিসার, নর্থ সাউথ ইউনিভার্সিটি, ঢাকা।

[এল এম – ৫৯৭] মো: মনিরুল ইসলাম, লাইব্রেরিয়ান, আর্মি মেডিক্যাল কলেজ, চট্টগ্রাম।

[এল এম – ৫৯৮] শাহিন আখতার, জুনিয়র এসিস্ট্যান্ট লাইব্রেরিয়ান, ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশ, ঢাকা।

[এল এম – ৫৯৯] সামিনা চৌধুরী, জুনিয়র এসিস্ট্যান্ট লাইব্রেরিয়ান, ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশ, ঢাকা।

[এল এম – ৬০০] মাহবুবুর রহমান, চেয়ারম্যান, সিসটেক, ঢাকা।

[এল এম – ৬০১] জাফরিন নাহার খন্দকার, এসিস্ট্যান্ট লাইব্রেরিয়ান কাম ক্যাটালগার, কারমাইকেল কলেজ, রংপুর।

[এল এম – ৬০২] সৈয়দ মাহবুবুর রহমান সোহেল, লাইব্রেরিয়ান, রংপুর মডেল কলেজ, রংপুর।

[এল এম – ৬০৩] ফারজানা শারমিন আনিকা, এসিস্ট্যান্ট এক্সেকিউটিভ লাইব্রেরি, ইস্টার্ণ ইউনিভার্সিটি, ঢাকা।

[এল এম – ৬০৪] মারিয়া সুলতানা, এসিস্ট্যান্ট এক্সেকিউটিভ লাইব্রেরি, ইস্টার্ণ ইউনিভার্সিটি, ঢাকা।

## জাতীয় গ্রন্থাগার দিবস উপলক্ষে বেলিডের আলোচনা সভা ...(পৃষ্ঠা-৩ এর পরের অংশ)

বিশেষ অতিথি বেগম আখতার জাহান এমপি জাতীয় গ্রন্থাগার দিবসের তাৎপর্য তুলে ধরে গ্রন্থাগার ও গ্রন্থাগার পেশাজীবীদের উন্নয়নে বর্তমান সরকারের গৃহীত বিভিন্ন পদক্ষেপ সম্পর্কে বিশদভাবে আলোকপাত করেন। উক্ত অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বেলিডের সাবেক চেয়ারম্যান ও রয়্যাল ইউনিভার্সিটি অব ঢাকার গ্রন্থাগার ব্যবস্থাপনা ও তথ্যবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান ড. মো: মোস্তাফিজুর রহমান। তিনি তাঁর প্রবন্ধে জাতীয় গ্রন্থাগার দিবস উৎযাপনের পটভূমি, গুরুত্ব এবং এ বিষয়ে করণীয় দিক নির্দেশনাসমূহ বিস্তারিতভাবে উপস্থাপন করেন এবং গ্রন্থাগার দিবসের পালনীয় কর্মসূচির স্ববিস্তারিত বর্ণনা প্রদান করেন। সভাপতির বক্তব্যে বেলিড চেয়ারম্যান ড. মির্জা মোহাঃ রেজাউল ইসলাম অনুষ্ঠানে আগত অতিথিদের মূল্যবান সময় ব্যয় করে অনুষ্ঠানে আসার জন্য আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি গ্রন্থাগার পেশার বিদ্যমান সমস্যা সমাধানের জন্যে প্রধান অতিথি ও বিশেষ অতিথির সমর্থন ও সহযোগিতা কামনা করেন। অনুষ্ঠান শেষে ইফতার ও দোয়া মাহ্ফিল অনুষ্ঠিত হয়।

THE LEADING IMPORTER OF
BOOKS & RESOURCES

E-Books, Journal, and All Types
of Digital Content Provider

Page Mark

**Corporate Office:** 234/D (2nd floor) Dr. Kudrat-E-Khuda Road (New Elephant Road) Dhaka-1205
Tel: (+8802) 44611530, Cell: (+88) 01819 202602, E-mail: robin@pagemarkbd.com

# বেলিডের নির্বাচিত কার্যনির্বাহী পরিষদ ২০১৮-২০১৯



**ড. মির্জা মোহাঃ রেজাউল ইসলাম**
চেয়ারম্যান



**মো: হুমায়ুন কবীর**
মহাসচিব



**হাজেরা রহমান**
ভাইস-চেয়ারম্যান



**রেজিনা আক্তার**
ভাইস-চেয়ারম্যান



**শশাংক কুমার সিংহ**
ভাইস-চেয়ারম্যান



**এ কে এম নুরুল আলম অপু**
যুগ্ম-মহাসচিব



**মো:আহসান হাবীব**
অর্থ সচিব



**কাজী ফরহাদ নোমান**
সংস্থাপন সচিব




**ড. সুস্মিতা দাস**
গবেষণা ও উন্নয়ন সচিব



**মনিরুল ইসলাম কনক**
প্রকাশনা ও গণসংযোগ সচিব



**ড. মো: মোস্তাফিজুর রহমান**
নির্বাহী সদস্য



**মোহাম্মদ হোচ্ছাম হায়দার চৌধুরী**
নির্বাহী সদস্য



**রেখা ইয়াসমিন**
নির্বাহী সদস্য



**মো: ফজলুল করিম**
নির্বাহী সদস্য



**মুহাম্মদ আব্দুল করিম**
নির্বাহী সদস্য



**মো: আতিকুর রহমান**
নির্বাহী সদস্য



**এ বি এম মাহফুজুল হক মামুন**
নির্বাহী সদস্য

# বেগম আখতার জাহান 'বেগম রোকেয়া পদক ২০১৯' এ ভূষিত



সাবেক সংসদ সদস্য এবং রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রিয় গ্রন্থাগারের সাবেক উপ-গ্রন্থাগারিক বেগম আখতার জাহান নারীর আর্থ-সামাজিক উন্নয়নে অবদান রাখায় 'বেগম রোকেয়া পদক ২০১৯' এ ভূষিত হয়েছেন। নারী কল্যাণ সংস্থা ১৯৯১ সাল থেকে নারীর আর্থ-সামাজিক উন্নয়নে অবদান রাখার স্বীকৃতি হিসেবে 'বেগম রোকেয়া পদক' প্রদান শুরু করে। তবে সরকারিভাবে এ পদক প্রদান করা শুরু হয় ১৯৯৬ সাল থেকে। গত ৯ ডিসেম্বর ২০১৯ সকালে রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় আয়োজিত এক অনুষ্ঠানের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'বেগম রোকেয়া পদক ২০১৯' প্রদান করেন। এ পদক প্রাপ্ত অন্য চারজন হলেন- বেগম সেলিনা খালেক, অধ্যক্ষ শামসুন নাহার, ড. নুরুননাহার ফয়জননেসা (মরণোত্তর) এবং পাপড়ি বসু।

বেগম আখতার জাহান ১ জুলাই ১৯৫২ সালে রাজশাহী জেলায় জন্মগ্রহণ করেন। তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয় হতে ১৯৭৩ সালে বাংলা সাহিত্যে স্নাতক এবং ১৯৭৪ সালে একই বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন। তিনি ১৯৮৫ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান বিভাগ হতে গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞানে দ্বিতীয় স্নাতকোত্তর ডিগ্রী সম্পন্ন করেন। তিনি রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় গ্রন্থাগারে কর্মজীবন শুরু করে একই প্রতিষ্ঠানের উপ-গ্রন্থাগারিক পদ হতে অবসর গ্রহণ করেন। বেগম আখতার জাহান ২০১৪ সালে ১০ম জাতীয় সংসদে সংরক্ষিত নারী আসন-৫ হতে জাতীয় সংসদ সদস্য নির্বাচিত হন। বেগম জাহান বাংলাদেশ গ্রন্থাগারিক ও তথ্যায়নবিদ সমিতি (বেলিড) ও বাংলাদেশ গ্রন্থাগার সমিতি (ল্যাব)-এর জীবন সদস্য। কর্মজীবনে তিনি একাধারে একজন গ্রন্থাগারিক, রাজনীতিক, মুক্তিযোদ্ধা ও সমাজকর্মী। তাঁর এই অর্জনে দেশের সর্বস্তরের গ্রন্থাগার পেশাজীবীগণ গর্বিত এবং বেলিডের পক্ষ থেকে তাঁর এ অর্জনের জন্য উষ্ণ অভিবাদন।

## শোক সংবাদ

### এ ডি এম আলী আহমেদ চির নিদ্রায় শায়িত



বাংলাদেশ গ্রন্থাগার সমিতি (ল্যাব)-এর সহ-সভাপতি ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের লাইব্রেরিয়ান এবং ব্রিটিশ কাউন্সিলের লাইব্রেরিয়ান আনলিমিটেড প্রকল্পের কম্পোনেন্ট লীড এ ডি এম আলী আহমেদ গত ৩ মার্চ ২০১৯ হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে ঢাকায় স্কয়ার হসপিটালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তিনি স্ত্রী, এক পুত্র ও এক কন্যাসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। তাঁর মৃত্যুতে বাংলাদেশ একজন প্রথিতযশা গ্রন্থাগার পেশাজীবী ও গ্রন্থাগার বিজ্ঞানের পাঠ্য পুস্তকের সুলেখক হারিয়েছেন। বেলিড পরিবার তাঁর মৃত্যুতে গভীরভাবে শোকাহত।